

ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর কর্মসম্পাদন সূচক ১.১.১ এ উল্লিখিত সেবা সহজিকরণ/ডিজিটলাইজকৃত উদ্ভাবনী ধারণাটির বিস্তারিত বিবরণ-

সহজিকরণ/ডিজিটলাইজকৃত উদ্ভাবনী ধারণার নাম- “২০২২-২০২৩ শিক্ষাবর্ষ হতে বেসরকারি মেডিকেল ও ডেন্টাল কলেজে শিক্ষার্থী ভর্তিতে অটোমেশন পদ্ধতি চালুর প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ”

সমস্যার ধরণ- এমবিবিএস/বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তি নীতিমালা অনুসরণপূর্বক ২০২২-২০২৩ শিক্ষাবর্ষ এর পূর্ব পর্যন্ত মেডিকেল/ডেন্টাল কলেজে ভর্তি পরীক্ষার মাধ্যমে জাতীয় মেধা তালিকা প্রকাশ করা হতো। জাতীয় মেধা তালিকা প্রকাশের পর সরকারি মেডিকেল/ডেন্টাল কলেজ এ ভর্তি কার্যক্রম সম্পন্ন হবার পর স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর কর্তৃক বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজে শিক্ষার্থী ভর্তির একটি সিডিউল প্রকাশ করা হতো। উক্ত সিডিউল অনুযায়ী বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজসমূহ জাতীয় দৈনিকের মাধ্যমে শিক্ষার্থীদের ভর্তি ফরম উত্তোলনের বিজ্ঞপ্তি প্রকাশ করতো। এ পদ্ধতিতে একজন শিক্ষার্থীকে পৃথক পৃথক কলেজ হতে ভর্তি ফরম সংগ্রহ করতে হতো বিধায় সময়, শ্রম ও অর্থের অপচয় হতো এবং অনেক ক্ষেত্রে মেধাবীরা বঞ্চনার শিকার হতো। তাই বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজে শিক্ষার্থী ভর্তি প্রক্রিয়া সহজতর ও মেধার ভিত্তিতে সচ্ছতার সাথে নিশ্চিত করার লক্ষ্যে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষ থেকে অটোমেশন পদ্ধতি চালুর লক্ষ্যে একটি উদ্ভাবনী ধারণা প্রস্তাব করা হয়েছে। উদ্ভাবনী ধারণাটি নিম্নরূপ-

জাতীয় মেধাক্রম অনুযায়ী বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজে এমবিবিএস/বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে অটোমেশন পদ্ধতি

